# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯৮৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮৬. তাশাহ্হুদের মধ্যে ইশারা করা

باب الإِشَارَةِ فِي التَّشَهُّدِ

আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَسَنِ الْمِصِّيصِيُّ، حَدَّثَنَا حَجَّاجٌ، عَنِ ابْنِ جُرَيْجٍ، عَنْ زِيَادٍ، عَنْ مُحَمَّدِ بْنِ عَجْلاَنَ، عَنْ عَامِرِ بْنِ عَبْدِ اللهِ، عَنْ عَبْدِ اللهِ بْنِ الزُّبَيْرِ، أَنَّهُ ذَكَرَ أَنَّ النَّبِيَّ صلي الله عليه وسلم كَانَ يُشِيرُ بِأُصْبُعِهِ إِذَا دَعَا وَلاَ يُحَرِّكُهَا

ـ ضعيف

قَالَ ابْنُ جُرَيْجٍ وَزَادَ عَمْرُو بْنُ دِينَارٍ قَالَ أَخْبَرَنِي عَامِرٌ عَنْ أَبِيهِ أَنَّهُ رَأَى النَّبِيَّ صلي الله عليه وسلم يَدْعُو كَذَلِكَ وَيَتَحَامَلُ النَّبِيُّ صلي الله عليه وسلم بِيَدِهِ الْيُسْرَى عَلَى فَخِذِهِ الْيُسْرَى

ـ صحيح

বাংলা

৯৮৯। ’আবদুল্লাহ ইবনুয যুবাইর (রাঃ) বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে দু’আ পাঠকালে আঙুল দ্বারা ইশারা করতেন, অবশ্য আঙুল নাড়তেন না।

দুর্বল।

ইবনু জুরাইজ বলেন, ’আমর ইবনু দীনারের বর্ণনায় একথাও আছে যে, ’আমির তাকে জানান যে, তার পিতা ’আবদুল্লাহ (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে দু’আর সময় আঙুল দ্বারা ইশারা করতে দেখেছেন এবং তখন তিনি তাঁর বাম হাত বাম উরুর উপর রাখতেন।[1]

সহীহ।

## English

Narrated Abdullah ibn az-Zubayr:

The Prophet (ﷺ) used to point with his finger (at the end of the tashahhud) and he would not move it.

Ibn Juraij said: "And 'Amr bin Dinar added: 'He (Ziyad) said: "'Amir informed me from his father that he saw the Prophet (ﷺ) supplicating like that. And the Prophet (ﷺ) would brace himself with his left hand on his left knee.

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : সাহু, অনুঃ বাম হাত হাঁটুর উপর বিছিয়ে দেয়া, হাঃ ১২৬৯), বায়হাক্বী (অধ্যায় : সালাত, অনুঃ তর্জনী অঙ্গুলি দ্বারা ইশারা করা, ২/১৩১, ১৩২), তাবরীযী একে ‘মিশকাত’ গ্রন্থে সালাত অধ্যায়ে তাশাহহুদ অনুচ্ছেদে উল্লেখ করেছেন (হাঃ ৯১২)।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু-যুবায়র (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58307

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন